## ধামরাই সরকারি কলেজ ,ঢাকা

একাদশ শ্রেণির অর্ধ-বার্ষিক পরীক্ষা-২০২৩

বিষয়ঃ ইসলামের ইতিহাস ও সংস্কৃতি

(সৃজনশীল প্রশ্ন)

সময়- ২ ঘন্টা ৩০ মিনিট　　　　　　　　　　　　পূর্ণমান-৭০

[বি:দ্রঃ দক্ষিণ পার্শ্বস্থ্য সংখ্যা পূর্ণমান জ্ঞাপক, যে কোন ৭টি প্রশ্নের উত্তর দাও।]

১। জামান সাহেব তার স্ত্রীর উপর পাশবিক নির্যাতন করে হাতের চারটি আঙুল কেটে নেয় । স্ত্রীর অপরাধ ছিল স্বামীর চাহিদা অনুযায়ী পিতার কাছ থেকে যৌতুকের টাকা আনতে পারেনি। বর্তমান সমাজে অসংখ্য গৃহবধূ নিয়তির নির্মম কশাঘাতে নির্যাতিত হচ্ছে এবং ডুকরে গুমরে কাঁদছে।

ক) আইয়ামে-জাহেলিয়াত শব্দের অর্থ কী? ১

খ) উকাজ মেলা বলতে কী বুঝ? ২

গ) উদ্দীপকের সাথে তোমার পঠিত আরবের কোন অবস্থা সামঞ্জস্যপূর্ণ? ব্যাখ্যা কর। ৩

ঘ) উদ্দীপকটিতে কী ইসলাম-পূর্ব আরবের সামজিক অবস্থার পূর্ণ প্রতিফলন ঘটেছে? বিশ্লেষণ কর। ৪

২। মিয়ানমারের শাসকগোষ্ঠী কর্তৃক নির্মম অত্যাচার ও নির্যাতনের শিকার হয়ে দশ লক্ষাধিক রোহিঙ্গা মুসলিম বাংলাদেশে আশ্রয় নিয়েছে। মূলত ধর্মীয় কারণে তারা দেশ ছাড়তে বাধ্য হয়। বাংলাদেশ সরকার মানবিক কারণে তাদের আশ্রয় দিয়ে সার্বিক সহযোগিতা করেন।

ক) হযরত মুহম্মদ (স.) কত সালে হিজরত করেন? ১

খ) হযরত মুহম্মদ (স.) কে আল-আমিন বলা হয় কেন? ২

গ) উদ্দীপকের সাথে ইসলামের কোন ঘটনার মিল পাওয়া যায়? ব্যাখ্যা কর। ৩

ঘ) তুমি কি মনে কর উল্লেখিত ঘটনার ফলে ইসলামের প্রচার-প্রসার অনেক গুণ বেড়ে যায়? বিশ্লেষণ কর। ৪

৩। একজন মহামানব তার রাজনৈতিক দূরদর্শিতা দ্বারা উপলব্ধি করতে পেরেছিলেন যে, তার এলাকায় বসবাসকারী মুসলিম, ইহুদি, খ্রিস্টান ও পৌত্তলিকদের মধ্যে সদ্ভাব ও সম্প্রীতি স্থাপন করতে হবে। তাই তিনি ঐক্যবদ্ধ জাতি গঠনের জন্য একটি সনদ প্রণয়ন করেন।

ক) বদর যুদ্ধ কত খ্রিস্টাব্দে সংঘটিত হয়? ১

খ) মসজিদে নববির পরিচয় দাও। ২

গ) উদ্দীপকের আলোকে তোমার পাঠ্যবইয়ে উল্লেখিত সনদের প্রধান প্রধান ধারাগুলো বর্ণনা কর। ৩

ঘ) উদ্দীপকে উল্লেখিত সনদটির গুরুত্ব ও তাৎপর্য ব্যাখ্যা কর। ৪

১০। সম্রাট নিজাম উদ্দিন একজন জনপ্রিয় শাসক। নিজে নিষ্ঠাবান মুসলমান হওয়া সত্ত্বেও তিনি অন্য ধর্মমতের প্রতি সহিষ্ণু ছিলেন। তিনি তার রাজ্যে বসবাসকারী বিভিন্ন ধর্মের অনুসারীগণের ধর্মীয় আচরণের মতপার্থক্য দূর করে সাম্প্রদায়িক সম্প্রীতি প্রতিষ্ঠা করেন। শাসন পরিচালনায় অন্যান্য ধর্মালম্বী সম্প্রদায়ের সাহায্য লাভের উদ্দেশ্যে তিনি সকল ধর্মের সারবস্তু নিয়ে একটি নতুন ধর্মের প্রবর্তন করেন।

ক) সম্রাট আকবরের পূর্ণ নাম কী? ১

খ) সম্রাট আকবরের দ্বীন-ই-ইলাহি সম্পর্কে কী জানো ? ২

গ) উদ্দীপকে উল্লেখিত সম্রাট নিজাম উদ্দিনের সাথে তোমার পঠিত মুঘল যুগের কোন শাসকের ধর্মনীতি প্রবর্তনের সাদৃশ্য পরিলক্ষিত হয়? ব্যাখ্যা কর। ৩

ঘ) আন্তঃধর্মীয় সাম্প্রদায়িক সম্প্রীতি প্রতিষ্ঠাই উক্ত শাসকের সাফল্য ও শ্রেষ্ঠত্ব লাভের কারণ –বিশ্লেষণ কর। ৪

১১। আবুল চেয়ারম্যান আকর্ষণীয় ব্যক্তিত্ব ও চরিত্রের অধিকারী ছিলেন। তার চরিত্রে দোষ ও গুণের সমাবেশ ঘটেছিল। তিনি একই সাথে কোমল ও কঠোর ছিলেন। তিনি অনেক জনকল্যাণমূলক কাজ সম্পন্ন করেন এবং ন্যায় বিচারও প্রতিষ্ঠা করেন। কিন্তু তার সময়ে তার স্ত্রী হালিমা এতই প্রভাবশালী হয়ে উঠেন যে সর্বক্ষেত্রে তাকে চালিকাশক্তি হিসেবে গণ্য করা হয়।

ক. 'পৃথিবীর জ্যোতি' কার উপাধি ছিল? ১

খ. তাজমহল নির্মাণের উপলক্ষ্য ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের আবুল চেয়ারম্যানের সাথে কোন মুঘল সম্রাটের তুলনা করা যায়? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত হালিমার সাথে সম্রাজ্ঞী নুরজাহানের কার্যাবলি তুলনামূলকভাবে আলোচনা কর। ৪

৪। শাহ সুলতান বলখী মহাস্থানে ইসলাম প্রচার করেন। তার মৃত্যুর পর তার শিষ্য আব্বাস উদ্দিন খলিফা হন। কিন্তু তিনি ভণ্ড দরবেশ ও বিভিন্ন বিদ্রোহী গোষ্ঠীর উৎপাতের সম্মুখীন হন। আব্বাস উদ্দিন তার বিশ্বাসী আমির ওমরাহদের নিয়ে এসব গোষ্ঠীকে মোকাবেলা করেন। তাদের তৎপরতা নির্মূল করেন এবং দেশে শান্তি প্রতিষ্ঠা করেন। এজন্য তাকে খলিফা পদের প্রতিষ্ঠাতা বলা হয়।

ক) ইসলামের প্রথম খলিফার নাম কী? ১
খ) হযরত আবু বকর (রা:) ইসলামের ত্রাণকর্তা বলা হয় কেন? ২
গ) উদ্দীপকে বর্ণিত আব্বাস উদ্দিনের সাথে আপনার পাঠ্যপুস্তকের কোন ঘটনা সামঞ্জ্যপূর্ণ? ব্যাখ্যা কর। ৩
ঘ) আব্বাস উদ্দিনের পদক্ষেপসমূহ ভণ্ড দরবেশ ও বিদ্রোহী গোষ্ঠীগুলোর বিরুদ্ধে এবং তাঁর সাথে হযরত আবু বকর (রা:) এর গৃহীত পদক্ষেপের সাদৃশ্য বর্ণনা কর। ৪

৫। আবেদ আলী একজন জনপ্রিয় শাসক ছিলেন। তবে তার পরবর্তী শাসক হিসেবে নিজের ছেলেকে মনোনীত করে রাজবংশ প্রতিষ্ঠা করেন। রাষ্ট্রীয় সম্পদ, ব্যক্তিগত সম্পত্তিতে পরিণত করেন। রাজধানী স্থানান্তর, সচিবালয় প্রতিষ্ঠা, ডাক ও সামরিক বিভাগের উন্নতি সাধন করে প্রশাসনিক দক্ষতা দেখিয়েছিলেন।

ক. উমাইয়া খিলাফত কত খ্রিস্টাব্দে প্রতিষ্ঠা লাভ করে? ১
খ. উমাইয়া সাধু কাকে, কেন বলা হয়? ২
গ. উদ্দীপকের শাসকের সাথে উমাইয়া বংশের কোন শাসকের মিল পরিলক্ষিত হয়? ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত শাসক ছিলেন একজন দক্ষ প্রশাসক– উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

৬। রাজা ধর্মপাল রাজস্ব ব্যবস্থা সংস্কারের মাধ্যমে বাংলার শাসনব্যবস্থাকে সুদৃঢ় ও সমৃদ্ধ করেছিলেন। তবে তার পুত্র দেবপাল ক্ষমতায় আরোহণ করে রাজ্য বিস্তারে মনোযোগী হন। তিনি পূর্ব ও দক্ষিণে অনেকগুলো সফল অভিযানের মাধ্যমে বিশাল পাল সাম্রাজ্য গড়ে তোলেন। দেবপালের প্রতিটি অভিযানে সক্রিয়ভাবে সহায়তা করেছিলেন তার দুই বিশ্বস্ত মন্ত্রী ও কিছুসংখ্যক দক্ষ সেনাপতি।

ক. কাকে আরব বিশ্বে প্রথম রাজা বলা হয়? ১
খ. খলিফা আব্দুল মালিককে 'রাজেন্দ্র' বলা হয় কেন? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের রাজা ধর্মপালের সাথে খলিফা আব্দুল মালিকের কোন কর্মকাণ্ডের সামঞ্জস্য রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের রাজা দেবপালের মতোই খলিফা ওয়ালিদ বিন আব্দুল মালিক শ্রেষ্ঠ বিজেতা ছিলেন –উক্তিটির যথার্থতা বিশ্লেষণ কর। ৪

৭। রাজা হরিপদ হরিকেলের শাসক। তার অত্যাচার ও কুশাসনে প্রজা সাধারণ অতিষ্ঠ। রাজা হরিপদের এলাকায় মুসলমানদের জাহাজ লুণ্ঠিত হলে ক্ষতিপূরণ প্রদানে অস্বীকৃতি ও ঔদ্ধত্যপূর্ণ আচারণ প্রকাশের ফলে তাকে উপযুক্ত শিক্ষা প্রদানে মুসলমানরা তার বিরুদ্ধে অভিযান পরিচালনা করে এবং বিজয় লাভ করে।

ক) মুহম্মদ বিন কাসিম কত সালে সিন্ধু অভিযান করেন? ১
খ) হাজ্জাজ বিন ইউসুফের সংক্ষিপ্ত পরিচয় দাও। ২
গ) উদ্দিপকের আলোকে ভারতের মুসলমানদের কোন অভিযানের সাদৃশ্য পাওয়া যায়? ব্যাখ্যা কর। ৩
ঘ) মুসলমানদের এ বিজয় ভারতীয় উপমহাদেশে কতটা সুদূর প্রসারী ছিল? বিশ্লেষণ কর। ৪

৮। মীম তার স্বামীর কাছে কাছে জানতে পারে পার্শ্ববর্তী দেশ থেকে সম্পদ সংগ্রহের জন্য একজন শাসক বার বার অভিযান পরিচালনা করেন। প্রতিবারই তিনি বিজয়ী হয়ে ধন-সম্পদ নিয়ে দেশে ফিরে যান এবং দেশের প্রবৃদ্ধি ও বিদ্রোহ দমনে তা ব্যয় করেন। তিনি শিল্পসাহিত্যের পৃষ্ঠপোষকতায় বিপুল অর্থ ব্যয় করেন।

ক) সুলতান মাহমুদ কত খ্রিস্টাব্দে সোমনাথ বিজয় করেন? ১
খ) সুলতান মাহমুদের ভারত অভিযানের রাজনৈতিক কারণ কী? ২
গ) উীদ্দপকে বর্ণিত শাসকের সাথে তোমার পঠিত কোন শাসকের মিল আছে? ব্যাখ্যা কর। ৩
ঘ) শুধু ধন সম্পদ হস্তগত করার জন্যই সুলতান মাহমুদ ভারতবর্ষ আক্রমণ করেননি? বিশ্লেষণ কর। ৪

০৯। পিতার মৃত্যুর পর মাত্র ১৩ বছর বয়সে পিতৃসিংহাসনে আরোহণ করেন কিশোর হেলাল। সিংহাসনে আরোহণ করেই তিনি আপনজন এবং আত্মীয়-স্বজনদের বিরোধিতার সম্মুখীন হন। তিনি বারবার সিংহাসন হারান আবার তা পুনরুদ্ধার করেন। প্রবল বিরোধিতার মুখোমুখি হয়ে তিনি পিতৃরাজ্য ছেড়ে দেওয়ার সিদ্ধান্ত গ্রহণ করেন। আত্মবিশ্বাসী হেলাল পার্শ্ববর্তী দেশের দিকে দৃষ্টি নিবদ্ধ করেন এবং বহু প্রতিবন্ধকতা পেরিয়ে অনেকগুলো রক্তক্ষয়ী যুদ্ধে বিজয়ী হয়ে তথায় তিনি নিজ বংশের নামে শক্তিশালী সাম্রাজ্যে প্রতিষ্ঠা করেন । যা কয়েক শতাব্দী গৌরবের সাথে টিকে ছিল

ক) বাবর শব্দের অর্থ কী? ১
খ) 'বাবরনামার' পরিচয় দাও। ২
গ) উদ্দীপকে উলিখিত হেলালের জীবনালেখ্য কোন মুঘল সম্রাটের জীবন প্রবাহকে নির্দেশ করে? ব্যাখ্যা কর । ৩
ঘ) "উদ্দীপকে উল্লেখিত হেলালের কৃতিত্ব উক্ত মুঘল সম্রাটের কৃতিত্বের পূর্ণ প্রতিচ্ছবি।" - বিশ্লেষণ কর । ৪